

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩তম তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নং- ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮-৪৯

তারিখ: ০৭ মাঘ, ১৪২৭ বঃ
২১ জানুয়ারি, ২০২১ খ্রিঃ


বিষয়: পৌরসভা নির্বাচনের কারণে নির্বাচনী উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই কার্যক্রমের তারিখ পরিবর্তন।

সূত্র: ১। জামুকা'র পত্র স্মারক ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮.১২, তারিখ: ৬ জানুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ এর ৭(ঝ) ধারা এর ব্যত্যয় ঘটিয়ে সুপারিশবিহীনভাবে প্রকাশিত বীর মুক্তিযোদ্ধাদের গেজেটসমূহকে নিয়মিতকরণের লক্ষ্যে আগামী ৩০ জানুয়ারি ২০২১ তারিখে যাচাই-বাছাই এর জন্য নির্ধারিত ছিল। কিন্তু উক্ত ৩০ জানুয়ারি তারিখে অনুষ্ঠিতব্য যাচাই-বাছাই এর দিন দেশের কোন কোন স্থানে পৌরসভা নির্বাচনের তারিখ নির্ধারিত হওয়ায় নির্বাচনী উপজেলায় যাচাই-বাছাই কার্যক্রম আগামী ৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, যে সকল এলাকায় কোন নির্বাচন অনুষ্ঠিত হবে না, সে সকল স্থানে নির্ধারিত এক বা একাধিক তারিখে উক্ত যাচাই-বাছাই কার্যক্রম যথারীতি অনুষ্ঠিত হবে এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা অনুসরণযোগ্য হবে।

০২। এ প্রেক্ষিতে, যে সকল উপজেলায় নির্বাচনের কারণে ৩০ জানুয়ারি ২০২১ তারিখের পরিবর্তে ৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে যাচাই-বাছাই অনুষ্ঠিত হবে, সে সকল এলাকায় যাচাই-বাছাই এর আওতাধীন বীর মুক্তিযোদ্ধাগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক (মহানগরের ক্ষেত্রে)
উপজেলা নির্বাহী অফিসার (সকল)


(মো: জহুরুল ইসলাম রোহেল)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ০২-৫৮৩১ ৩৪০৬
ফ্যাক্স: ০২-৫৮৩১ ৩৪০৫
ইমেইল: dg@jamuka.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। জেলা প্রশাসক (মহানগর ব্যতীত সকল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। মাননীয় মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)।